দৈনিক
# ইত্তেফাক

তারিখ 29 AUG ......
পৃষ্ঠা ...৩... কলাম ...৪...

## আইডিয়াল স্কুলের শিক্ষকদের সনদ যাচাইয়ের সিদ্ধান্ত

■ ইত্তেফাক রিপোর্ট

কলেজের অধ্যক্ষ নিয়োগ কমিটির সচিব। নিয়োগের ক্ষেত্রে সার্টিফিকেট যাচাই করেছেন তিনি। আবার নিয়োগপত্রেও স্বাক্ষর করেছেন। এবার তার হাতেই এসব শিক্ষকদের সনদ যাচাইয়ের দায়িত্ব পড়েছে। শুধু তার সময়ে নয়, এই প্রতিষ্ঠানটির সব শিক্ষকদের সনদ যাচাই করার দায়িত্ব দেওয়া হয়েছে। আর সনদ যাচাই শেষ ভুয়া সনদধারী শিক্ষকদের তালিকা মন্ত্রণালয়ে পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে।

চিত্রটি রাজধানীর আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের। সম্প্রতি এই প্রতিষ্ঠানটির সহকারী প্রধান শিক্ষকের সনদ জাল বলে প্রমাণ করে শিক্ষামন্ত্রণালয়। এ কারণে তার এমপিও স্থগিত হয়। তবে আদালতের স্থগিতাদেশ নিয়ে তিনি দায়িত্ব পালন করছেন। এই সহকারী প্রধান শিক্ষকের নিয়োগও হয়েছিল বর্তমান অধ্যক্ষের দায়িত্ব থাকাকালে।

এই প্রতিষ্ঠানের শতাধিক সনদ জাল এমন অভিযোগের ভিত্তিতে এসব সনদ যাচাইয়ের দায়িত্ব দেওয়া হয়েছে প্রতিষ্ঠানটির অধ্যক্ষ শাহান আরা বেগমকে। গত রবিবার এমন আদেশ সংক্রান্ত চিঠি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে পাঠানো হয়েছে।

প্রতিষ্ঠানটির শিক্ষার্থীদের অভিভাবকদের নিয়ে গঠিত অভিভাবক ফোরামের শঙ্কা বর্তমান অধ্যক্ষের মাধ্যমে সঠিক যাচাই হবে না। কারণ হিসেবে সংগঠনের সভাপতি জিয়াউল কবির দুলু বলেন, প্রতিষ্ঠানটির বর্তমান শাহান আরা বেগম অধ্যক্ষ পদে ২০০৩ সালে নিয়োগ পেয়েছেন। পরবর্তীতে সব নিয়োগ কমিটিতে তিনি সদস্য সচিবের দায়িত্ব পালন করেছেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর